

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

১১ শ্রাবণ, ১৪১৮  
তারিখ : -----  
২৬ জুলাই, ২০১১

প্রধান নির্বাহী,  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের জোনাল অফিসে “অভিযোগ সেল” গঠন প্রসঙ্গে।

বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখ ০৫ জানুয়ারী, ২০০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, ব্যাংকের প্রধান কার্যালয়ের ন্যায় জোনাল অফিসগুলোতে অভিযোগ সেল না থাকায় বাংলাদেশ ব্যাংকের শাখা অফিসের আওতাধীন ব্যাংক শাখার বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আপনাদের জোনাল অফিসসমূহেও অভিযোগ সেল গঠনের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

এই সার্কুলারের তারিখ হতে আগামী এক মাসের মধ্যে জোনাল অফিসসমূহে অভিযোগ সেল গঠনপূর্বক সেলে বহালকৃত কর্মকর্তার নাম, পদবী, টেলিফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল আইডি অত্র কার্যালয়কে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(কে, এম আব্দুল ওয়াদুদ)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১১৭৮২৫